# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫০১

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

### আরবী

عَن لبَابَة بنت الْحَارِث قَالَتْ: كَانَ الْحُسَيْنُ بْنُ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُمَا فِي حِجْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم فَبَال عَلَيْهِ فَقُلْتُ الْبَسْ ثَوْبًا وَأَعْطِنِي إِزَارَكَ حَتَّى أَغْسِلَهُ قَالَ: «إِنَّمَا يُغْسَلُ مِنْ بَوْلِ الْأُنْثَى وَيُنْضَحُ مِنْ بَوْلِ الذَّكَرِ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَابْن مَاجَه

### বাংলা

৫০১-[১২] লুবাবাহ্ বিনতু হারিস (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, হুসায়ন ইবনু ’আলী (রাঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কোলে তাঁর কাপড়ে প্রস্রাব করে দিলেন। তখন আমি বললাম, আপনি অন্য কাপড় পরে নিন এবং আমাকে আপনার কাপড়টি দিন, আমি তা ধুয়ে দেই। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার উত্তরে বললেন, মেয়েদের প্রস্রাব ধুতে হয়। ছেলেদের প্রস্রাবের উপর পানি ছিটিয়ে দিলেই হয়। (আবূ দাঊদ ও ইবনু মাজাহ্)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩৭৫, ইবনু মাজাহ্ ৫২২, আহমাদ ৬/৩৩৯, হাকিম ১/১৬৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّمَا يُغْسَلُ مِنْ بَوْلِ الْأُنْثَى وَيُنْضَحُ مِنْ بَوْلِ الذَّكَرِ) ‘‘শুধুমাত্র মেয়েদের প্রস্রাব ধুতে হয়। আর ছেলেদের প্রস্রাবের উপর পানি ছিটিয়ে দিলেই হয়।’’ অর্থাৎ- ছেলেদের প্রস্রাবযুক্ত কাপড়ের উপর পানি ছিটিয়ে দিলেই তা পবিত্র হয়ে যায় ধোয়ার প্রয়োজন নেই যেমনটি মেয়েদের প্রস্রাবযুক্ত কাপড় ধুতে হয়। অত্র হাদীস সুস্পষ্টভাবে প্রমাণ করে যে, ছেলে শিশু আর মেয়ে শিশুদের প্রস্রাবের মধ্যে পার্থক্য রয়েছে। ছেলে শিশুদের প্রস্রাবের উপর পানি ছিটিয়ে দিলেই যথেষ্ট কিন্তু মেয়েদের ক্ষেত্রে তা যথেষ্ট নয়। অবশ্যই তা ধুতে হবে। আর এ পার্থক্য ততদিন পর্যন্ত অব্যাহত থাকবে যতদিন ঐ শিশু দুধ ছাড়া অন্য কোন খাবার না খায়। যখনই দুধ ছাড়া অন্যকোন খাবার খাওয়া শুরু করবে তখন আর এ পার্থক্য থাকবে না। অর্থাৎ- তখন ছেলের প্রস্রাবযুক্ত কাপড়ও ধুতে হবে। তখন

আর শুধুমাত্র পানি ছিটিয়ে দিলে যথেষ্ট হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55059

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন